মেহেরপুরে কিউট প্রথম বিভাগ হ্যান্ডবল লীগের উদ্বোধন

মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার উদ্যোগে মেহেরপুর স্টেডিয়াম মাঠে কিউট প্রথম বিভাগ হ্যান্ডবল লীগের উদ্বোধন করা হয়েছে।

শনিবার বিকেলে আনুষ্ঠানিক ভাবে কিউট প্রথম বিভাগ হ্যান্ডবল লীগের উদ্বোধন করা হয়।
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন উপস্থিত থেকে হ্যান্ডবল লীগের উদ্বোধন করেন। মেহেরপুরের জেলা প্রশাসক আতাউল গনির সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার এসএম মুরাদ আলী।

স্বাগত বক্তব্য রাখেন জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক কে এম আতাউল হাকিম লাল মিয়া। প্রধান অতিথি উদ্বোধনী অনুষ্ঠানে উভয় দলের খেলোয়াড়দের সঙ্গে পরিচিত হন। এর আগে সেখানে জাতীয় সংগীতের সুরে জাতীয় পতাকা এবং ক্রীড়া পতাকা উত্তোলনের মধ্যদিয়ে কিউট প্রথম বিভাগ হ্যান্ডবল লীগের উদ্বোধন করা হয়।

এসময় অতিরিক্ত জেলা প্রশাসক ইবাদত হোসেন সদর উপজেলা নির্বাহি অফিসার মোঃ মাসুদুল আলম, জেলা আওয়ামী লীগের সহসভাপতি আব্দুল হালিম,সহকারী কমিশনার ভূমি মাইনুদ্দিন সদর থানার ওসি শাহদারা, হ্যান্ডবল টুর্নামেন্ট কমিটির আহ্বায়ক সৈয়দ এহসানুল কবির আরিফ প্রমূখ উপস্থিত ছিলেন।

প্রথম বিভাগ ফুটবল লীগ ১৪ টি ক্লাব অংশগ্রহণ করছে। ক্লাবগুলো হলো বামনপাড়া বটতলা একাদশ, ছহিউদ্দিন ফাউন্ডেশন শিক্ষা ও যুব ক্রীড়া চক্র, নিয়ন স্টার ক্রীড়াচক্র, অ্যাপোলো ক্রীড়াচক্র, বামুনপাড়া সবুজ সংঘ, উদয়ান ক্রীড়াচক্র, প্রগতি পরিমেল, ফাহাদ স্পোর্টিং, ক্লাব ইলেভেন স্টার ক্লাব, দুরন্ত হোটেল বাজার, ব্রাইটস্টার ক্রীড়াচক্র, মেহেরপুর টাউন ক্লাব ও তাপস স্মৃতি সংঘ।

উদ্বোধনী খেলায় বামনপাড়া বটতলা একাদশ জয়লাভ করেছে। খেলায় বামনপাড়া বড়তলা একাদশ ১০-৪ গোলে নিয়ন স্টার কে পরাজিত করেন।

বিজয়ী দলের পক্ষে সাদ্দাম চারটি, সজীব দুটি, শিশির দুটি, সাগর ও শাহিন একটি করে গোল করেন । নিয়ন স্টার এর পক্ষে কালাম তিনটি ও

সাঈদ একটি গোল করেন।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীতে দ্রব্য মূল্য নিয়ন্ত্রণে রাখতে বাজার মনিটরিং

সারাদেশের মতো দ্রব্য মূল্য নিয়ন্ত্রণে রাখতে মেহেরপুরের গাংনী পৌর শহরের সবজি ও পাইকারি বাজারে মনিটরিং করেছে গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

শনিবার বেলা সাড়ে তিনটার সময় চেয়ারম্যান এম এ খালেক সহ গাংনী অফিসার ইনচার্জ ওবাইদুর রহমান, পৌর মেয়র আশরাফুল ইসলাম, পৌর কাউন্সিলর নবিরুদ্দিন, মিজানুর রহমান, বাজার কমিটির সভাপতি মাহাবুবুর রহমান স্বপন, সাধারণ সম্পাদক বজলুর রহমান বুলু সহ বাজার নিয়ন্ত্রণ কমিটির সদস্য ও স্থানীয় জনগণ উপস্থিৎ ছিলেন।

উপজেলা চেয়ারম্যান এম এ খালেক পেঁয়াজের বাজার নিয়ন্ত্রণের লক্ষে ব্যবসায়ীদের উদ্দেশ্যে বলেন কিছু অসাধূ ব্যবসায়ী বিশেষ করে পেঁয়াজের বাজার অস্থিতিশীল করে তুলেছে। তাই এরপর থেকে বেশি দামে পেয়াজ ক্রয় করবেন না এবং বাজারজাত করবেন না।

যাতে করে অসাধু ব্যবসায়ীরা কোন প্রকার সিন্ডিকেট সৃষ্টি করে বাজার অস্থিতিশীল করে তুলতে না পারে।

পরে তিনি গাংনী পাইকারি কাচা বাজারে যান এবং সেখানেও তিনি ব্যবসায়ীদের বেশি দামে পেঁয়াজ এমনকি অন্যান্য সবজি বাজার জাত না করার জন্য বলে দেন।

বিশেষ করে পেঁয়াজের উপর তিনি কড়া হুশিয়ারি দিয়ে বলেন কোন প্রকার কারসাজি ধরা পড়লে সেই ব্যবসায়ীকে আইনের আওতায় আনা হবে।

চেয়ারম্যান এম এ খালেক এর কথায় সকলে একমত হন এবং তার সিদ্ধান্তকে সাধুবাদ জানান।

- গাংনী প্রতিনিধি

মেহেরপুরে গ্রীন লাইফ টি-২০ ক্রিকেট টুর্নামেন্টের ট্রফি উন্মোচন করলেন প্রতিমন্ত্রী

মেহেরপুরে গ্রীন লাইফ টি-টোয়েন্টি ক্রিকেট টুর্নামেন্টের ট্রফি উন্মোচন করেছেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন।

শনিবার বিকেলে মেহেরপুর জেলা স্টেডিয়াম মাঠে গ্রীন লাইফ ডায়াগনস্টিক সেন্টারের উদ্যোগে আয়োজিত টি টোয়েন্টি ক্রিকেট টুর্নামেন্ট এর ট্রফি উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর ১আসনের সংসদ সদস্য ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন।

ট্রফি উন্মোচন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গ্রীন লাইফ ডায়াগনস্টিক সেন্টারের পরিচালক ও সাংবাদিক আবু আক্তার করণ। এসময় আরো উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রশাসক আতাউল গনি, পুলিশ সুপার এসএম মুরাদ আলী, জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক আতাউল হাকিম লাল মিয়া, মেহেরপুর প্রেসক্লাব ক্লাব এর সভাপতি ফজলুল হক মন্টু, সাধারণ সম্পাদক আলামিন হোসেন, সাংবাদিক রেজ আন উল বাশার তাপস, দিলরুবা খাতুন, বিসিবির জেলা কোর্স হাসানুজ্জামান হিলন সহ টুর্নামেন্টে অংশ নেওয়া দলের ক্যাপ্টেন ও কর্মকর্তারা।

প্রধান অতিথি জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন টি-টোয়েন্টি ক্রিকেট টুর্নামেন্টের ট্রফি উন্মোচন করেন।

আগামী ২২ শে নভেম্বর মেহেরপুর সরকারি কলেজ মাঠে এই টুর্নামেন্টের শুভ উদ্বোধন করা হবে। টুর্ণামেন্টে মেহেরপুর জেলার ৭টি টিম সহ মোট ১৩ জেলার ২০টি দল অংশগ্রহণ করবে।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে বিভিন্ন মামালার ৮ আসামী গ্রেফতার

মেহেরপুরে বিভিন্ন মামলার ৮ জন আসামীকে গ্রেফতার করেছে পুলিশ। শনিবার
সদর ও গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে বিভিন্ন এ ৮ জন আসামিকে আটক করা হয়।

এর মধ্যে সদর থানা পুলিশ ৬ জনকে ও গাংনী থানা পুলিশ ২ জনকে গ্রেফতার করে।

অতিরিক্ত পুলিশ সুপার শেখ জাহিদুল ইসলাম জানান, শুক্রবার দিবাগত রাত থেকে শনিবার ভোররাত পর্যন্ত সদর উপজেলা ও গাংনী উপজেলার বিভিন্ন এলাকায় এ অভিযান চালায় পুলিশ। এ সময় ৮ জনকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণের প্রস্তুতি চলছে।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে আন্তজেলা বাস সার্ভিস শুরু

ধর্মঘট করার একদিন পর আবার শুরু হয়েছে মেহেরপুরে বাস চলাচল। তবে শুধু মাত্র মেহেরপুরে চলাচল করবে এর বাইরে যাবে না। শুনবার সকাল

থেকে মেহেরপুর-মুজিবনগর-দরবেশপুর-খলিসাকুন্ডি পর্যন্ত বাস সার্ভিস দিচ্ছে শ্রমিকরা।

সড়ক পরিবহন আইন ২০১৮ অনুযায়ী যানবাহনের যে জরিমানা আইন করা হয়েছে তার প্রতিবাদে গত শুক্রবার থেকে মেহেরপুরে সকল প্রকার লোকাল বাস চলাচল বন্ধ ছিল।

শনিবার সকাল থেকে মেহেরপুর জেলা পুলিশের এর সহযোগিতায় আবারো লোকাল বাস চলাচল শুরু হয়েছে।

এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ট্রাফিক ইন্সপেক্টর ইসমাইল হোসেন। তিনি বলেন, সড়ক আইন সংসধনের দাবিতে গত শুক্রবার মেহেরপুর জেলা শ্রমিক ইউনিয়ন বাস চলাচল বন্ধ রেখে ছিল। পুলিশ সুপারের নির্দেশে পুনরায় বাস সার্ভিস চালু করেছে শ্রমিকরা।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীতে ভারতীয় মদ উদ্ধার

মেহেরপুর জেলা গাংনী উপজেলা থেকে ৪৩ বোতল ভারতীয় মদ উদ্ধার করেছে বিজিবি। উপজেলার কাজীপুর সীমান্তবর্তি মাঠ থেকে পরিত্যক্ত অবস্থায় এ মদ উদ্ধার করা হয়।

কাজিপুর সীমান্ত ক্যাম্প সুত্রে জানা যায়, হাবিলদার ফিরোজের নেতৃত্বে একটি টহল দল মাঠের মধ্যে পরিত্যক্ত অবস্থায় ৪৩ বোতল ভারতীয় মদ উদ্ধার করে।

- গাংনী প্রতিনিধি

মানুষ কর দিচ্ছে বলেই দেশের উন্নয়ন হচ্ছে

জন প্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি বলেছেন- মানুষ কর দিচ্ছে বলেই দেশের উন্নয়ন হচ্ছে। উন্নয়নের মহাসড়ক হচ্ছে মানুষের দেয়া করের টাকায়। কর দেয়া মানুষের নৈতিক দায়ীত্ব। সরকার নারীদের জন্য বার্ষিক তিন লক্ষ টাকা, প্রতিবন্দ্বীদের জন্য চার লক্ষ এবং মুক্তিযোদ্বাদের জন্য চার লক্ষ ২৫ হাজার টাকা বার্ষিক আয় হলেই তাকে কর দিতে হবে।

শনিবার মেহেরপুর পৌর টাউন হলে উপ কর কমিশনারের কার্যালয়, সার্কেল ২১ মেহেরপুর কর অঞ্চলের চারদিন ব্যাপি করমেলার উদ্বোধন অনুষ্ঠানে মন্ত্রী প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন।

আপীলাত রেঞ্জ-২ খুলনা অঞ্চলের যুগ্ম কর কমিশনার মুঃ মুহিতুর রহমানের সভাপতিত্বে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন খুলনা অঞ্চলের কর কমিশনার প্রশান্ত কুমার রায়, জেলা প্রশাসক মো. আতাউল গনি, পুলিশ সুপার এস এম মুরাদ আলি, জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল ও মেহেরপুর আয়কর আইনজীবী সমিতির সভাপতি এ্যাডভোকেট এস এম ইব্রাহিম শাহীন।

মন্ত্রী আরও বলেন- বিএনপি-জামাত সরকার বলতো দেশে গরীব না থাকলে সাহায্য পাব কি করে । কিন্তু বর্তমান সরকার সাহায্য নিতে চায় না। সেজন্য জনগনকে সার্বিক সুযোগ সুবিধা দিচ্ছে যাতে করে দেশে কোন লোক বেকার না থাকে। বেকার যুবকরা যাতে নিজের প্রচেষ্টায় স্বাবলম্বী হতে পারে সেজন্য মেহেরপুরে একটি উদ্যোক্তা মেলা করা হবে। জনগণ যাতে কর দিতে উৎসাহ পায় সেজন্য বর্তমান সরকার বিগত ১০ বছর ধরে জেলা-উপজেলায় পর্যায়ে উৎসব মূখর েপিরবেশে কর মেলার আয়োজন করছে। বর্তমানে ২ লক্ষ ১৫ হাজার কোটি টাকার উন্নয়ন বাজেট করতে পেরেছে সরকারের সফলতার কারনে। ব্যাংকগুলোতে সুদের হার সিঙ্গেল ডিজিটে নামিয়ে আনা হয়েছে যাতে করে সল্প সুদে লোন নিয়ে কর্মক্ষেত্র তৈরি করে স্বাবলম্বী হতে পারে। জনগণ যত স্বাবলম্বী হবে সরকারকে ততবেশি কর দিতে পারবে। এতে দেশকে উন্নয়নশীল দেশে পরিণত করতে সরকারের সহজ হবে। যে দেশ যত বেশি কর দেয় সেই দেশ তত বেশি উন্নত।

খুলনা অঞ্চলের কর কমিশনার প্রশান্ত কুমার রায় তার বক্তব্যে বলেন মেহেরপুর জেলায় গতবারের তুলনায় ১৫ ভাগ কর দাতার সংখ্যা বেড়েছে। তিনি আরও বলেন গত অর্থবছরে করের লক্ষ্যমাত্রা ছিল ১৮ কোটি টাকার। পাওয়া গিয়েছিল ১৬ কোটি টাকা। এবার কর লক্ষমাত্রা আছে ২০ কোটি টাকার।

-মেহেরপুর প্রতিনিধি

নতুন সড়ক পরিবহন আইন বাতিলের দাবিতে মেহেরপুর ও কুষ্টিয়ায় বাস চলাচল বন্ধ

সড়ক পরিবহন আইন-২০১৮ বাতিলের দাবিতে মেহেরপুর থেকে সকল রুটের বাস চলাচল অনির্দিষ্টকালের জন্য বন্ধ করে দিয়েছে শ্রমিকরা।

শুক্রবার সকাল থেকেই মেহেরপুর থেকে চুয়াডাঙ্গা, মেহেরপুর থেকে কুষ্টিয়া সহ জেলার সকল রুটের বাস চলাচল বন্ধ রয়েছে।

এদিকে হটাৎ করে বাস চলাচল বন্ধ হয়ে যাওয়ায় বিপাকে পড়েছে যাত্রীরা। বাস বন্ধ থাকায় বিভিন্ন অবৈধ যানবাহনে করে তাদের গন্তব্যে যেতে হচ্ছে।

মেহেরপুরের কয়েকজন বাস চালক জানান, এই আইনের আওতায় জীবনের ঝুঁকি নিয়ে পরিবহন ও বাস চালানো আমাদের পক্ষে সম্ভব নয়। যে কারণে আমরা বাস চলাচল বন্ধ করে রেখেছি।

সকালে দিকে কয়েকটি ঢাকার উদ্দেশ্যে পরিবহন ছেড়ে গেলেও কাল থেকে দূরপাল্লার বাস বন্ধ রাখবেন বলে শ্রমিকরা জানান। শ্রমিকদের দাবি নতুন আইনের সংশোধন ও তাদের নিরাপত্তা নিশ্চিত হলে আবার স্বাভাবিক গাড়ি চালাবেন।

জেলা মটর শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান জানান, বর্তমানে নতুন যে আইন তৈরি হয়েছে সেই আইনে আমাদের চালকরা আর গাড়ি

চালাতে চাইছেন না।

চালকরা তাদের মালিকদের কাছে গাড়ির চাবি জমা দিয়েছে। নতুন আইনে দুর্ঘটনার কারণে একজন চালকের ৫ লাখ টাকা জরিমানা হওয়াতে প্রতিবাদে শ্রমিকরা সকাল থেকে মেহেরপুর-চুয়াডাঙ্গা, মেহেরপুর - কুষ্টিয়া ও মুজিবনগর সহ সকল আন্তঃজেলা রুটে বাস চলাচল বন্ধ ঘোষণা করা হয়েছে। অনির্দিষ্টকালের জন্য ধর্মঘট পালন করবে বলে জানিয়েছে মটর শ্রমিক ইউনিয়ন।

কুষ্টিয়া প্রতিনিধি জানান, নভেম্বরের প্রথমদিন থেকে চালু হওয়া নতুন সড়ক আইন সংশোধনের দাবিতে কুষ্টিয়া থেকে সকল রুটে বাস চলাচল বন্ধ করে রেখেছে স্থানীয় বাস চালকরা।

গতকাল শুক্রবার সকাল থেকে বাস চলাচল বন্ধ ঘোষণা করেন তারা। হঠাৎ করে বাস বন্ধ হওয়ায় বিপাকে পড়েছেন সাধারণ যাত্রীরা। তবে দূরপাল্লার পরিবহন চলতে দেখা গেছে।
সকালে যাত্রীরা মজমপুর, চৌড়হাস ও কেন্দ্রীয় বাস টার্মিনালে গিয়ে বাস না পেয়ে বিভিন্ন যানবাহনে করে তাদের গন্তব্যে উদ্দেশে রওনা দেন।

আবদুল মান্নান নামের এক যাত্রী বলেন, ‘আমি পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা দিতে যাব, কিন্তু এসে দেখি কোনো যানবাহন চলছে না। বাধ্য হয়ে সিএনজিতে করে যেতে হচ্ছে।’

মাসুদ রহমান নামের এক বাসচালক বলেন, ‘নতুন আইনে দুর্ঘটনার কারণে একজন ড্রাইভারের পাঁচ লাখ টাকা জরিমানা দিতে হবে। তাই সেই শঙ্কায় আর গাড়ি চালাচ্ছি না।’
কুষ্টিয়া জেলা বাস শ্রমিক ইউনিয়নের সভাপতি মাহাবুবুল হক বলেন, ‘বর্তমানে নতুন আইন তৈরি হয়েছে, এতে ড্রাইভাররা গাড়ি চালাতে চাচ্ছেন না।’

তিনি বলেন, যেসব চালকদের ড্রাইভিং লাইসেন্স ও প্রয়োজনীয় কাগজপত্র সহ পাঁচ লাখ টাকার ব্যবস্থা আছে কেবল তারাই গাড়ি চালাচ্ছেন। নতুন আইনে প্রতিবাদে শ্রমিকরা সকাল থেকে কুষ্টিয়া- মেহেরপুর, কুষ্টিয়া- ভেড়ামারা ও কুষ্টিয়া-খুলনা সহ সকল আন্তঃজেলা রুটে বাস চলাচল বন্ধ ঘোষণা করেন। অনির্দিষ্টকালের জন্য চালকরা ধর্মঘট পালন করছেন। তবে এতে আমাদের কোনো নির্দেশনা নেই।

- নিজেস্ব প্রতিনিধি

গাংনীতে আগ্নেয়াস্ত্র গুলি ও গান পাউডারসহ শীর্ষ সন্ত্রাসী গ্রেপ্তার

মেহেরপুরের গাংনীতে আগ্নেয়াস্ত্র গুলি ও গান পাউডারসহ শীর্ষ সন্ত্রাসী আব্দুর রহমান (৪২)কে গ্রেপ্তার করেছে পুলিশ।

গাংনী থানা পুলিশের একটি দল গতকাল শুক্রবার ভোরে হিন্দা মাঠ পাড়া থেকে তাকে গ্রেপ্তার করে। আব্দুর রহমান গাংনী উপজেলার রংমহল গ্রামের আব্দুস সামাদের ছেলে।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, আব্দুর রহমান অস্ত্র গুলি ও গান পাউডার নিয়ে হিন্দা মাঠ পাড়া এলাকায় অবস্থান করছে এমন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাকে গ্রেপ্তার করা হয়।

এসময় তার কাছ থেকে একটি ওয়ান স্যুটার গান, দুই রাউন্ড গুলি ও ৪০০ গ্রাম গান পাউডার উদ্ধার করা হয়।

তার বিরুদ্ধে গাংনীসহ বিভিন্ন থানায় বেশ কয়েকটি মামলা ও সন্ত্রাসী কর্মকান্ডের অভিযোগ রয়েছে। অস্ত্র ও বিস্ফোরক দ্রব্য আইনে মামলা দায়ের পূর্বক আব্দুর রহমানকে আদালতে সেপার্দ করা হয়েছে।

- নিজেস্ব প্রতিনিধি

মেহেরপুরে প্রয়াত ইমারত নির্মাণ শ্রমিক নিয়াজের পরিবারের মাঝে ভাতা প্রদান

মেহেরপুর সদর উপজেলা ইমারত নির্মাণকারী শ্রমিক ইউনিয়নের উদ্যোগে মরহুম নিয়াজ উদ্দীনের পরিবারের মাঝে এককালীন ভাতা প্রদান করা হয়েছে।

শহরের তাতীপাড়ার মরহুম নিয়াজ উদ্দীন গত ৫ই নভেম্বর হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন। তার সদস্য নম্বর ছিলো ৫৯।

গতকাল শুক্রবার সন্ধ্যায় শহরের হালদার পাড়ায় জেলা ইমারত শ্রমিক ইউনিয়ন কার্যালয়ে এ ভাতা প্রদান করা। জেলা ইমারত নির্মাণ শ্রমিক ইউনিয়নের সভাপতি আব্দুল করিম নিয়াজ উদ্দিনের স্ত্রী সুফিয়া খাতুনের হাতে নগত ১০ হাজার টাকা ও শাড়ি তুলে দেন।

এসময় উপস্থিত ছিলেন জেলা ইমারত নির্মাণকারী শ্রমিক ইউনিয়নের সহ-সভাপতি নজরুল ইসলাম, সাধারণ সম্পাদক নওশাদ আলী, কোষাধক্ষ্য আব্দুল আজিজ, প্রচার সম্পাদক লাভলু শেখ, দপ্তর সম্পাদক মোতালেব, নির্বাহী সদস্য আজমাইন সহ ইমারত শ্রমিক ইউনিয়নের সকল সদস্যরা।

- নিজেস্ব প্রতিনিধি